



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০২৪ - ৩০ জুন, ২০২৫

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	০৩
প্রস্তাবনা	০৪
সেকশন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি	০৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	০৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	০৭-০৯
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১০
সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	১১
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১২
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৩-১৪
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৫
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৬
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৭
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৮

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্যের উন্নয়নের দায়িত্ব অর্পণ করে ১৯৩৫ সালে প্রতিষ্ঠা করা হয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। অধিদপ্তর প্রতিষ্ঠার শুরু থেকেই ঢাকা বিভাগের কার্যক্রম শুরু হয়। ঢাকা মহানগরসহ তৎকালীন ঢাকা জেলার আওতাধীন সকল মহকুমা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বিভাগের আওতাধীন ছিল এবং ঢাকা বিভাগের আওতায় পানি সরবরাহ ও স্যানিটেশনের সকল কার্যক্রম পরিচালিত হত। পরবর্তীতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিয়ন্ত্রনে ঢাকা ওয়াসা প্রতিষ্ঠিত হওয়ার পর ঢাকা মহানগরী এলাকার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা ঢাকা ওয়াসার উপর ন্যস্ত হয়, পক্ষান্তরে তৎকালীন ঢাকা জেলার অধীন মহকুমা সমূহ জেলায় রূপান্তরিত হলে উক্ত মহকুমা সমূহে পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর উপর ন্যস্ত হয়। বর্তমানে ঢাকা জেলার পাঁচটি উপজেলা ও একটি উন্নয়ন সার্কেল (তেজগাঁও উন্নয়ন সার্কেল) এর সতেরটি ইউনিয়নের পানি সরবরাহ ও স্যানিটেশন কার্যক্রম জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বিভাগ কর্তৃক পরিচালিত হচ্ছে। বিগত তিন বছরে ঢাকা জেলার পল্লী ও পৌর এলাকায় ৫০৫০টি বিভিন্ন ধরনের পানির উৎস, ১টি পুকুর খনন, ৩৪টি পরীক্ষামূলক নলকূপ, ১৩ টি উৎপাদক নলকূপ, ৭৯.৪৯ কিঃমিঃ পাইপ লাইনসহ ৯ টি উচ্চ জলাধার নির্মাণ ও ৪২৯৫টি বাড়ীতে পাইপ লাইনসহ গৃহ সংযোগ দেয়া হয়। এছাড়াও পল্লী ও পৌর এলাকায় স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করনের লক্ষ্যে ৩১টি কমিউনিটি ল্যাট্রিন / পাবলিক টয়লেট স্থাপিত হয়।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

ঢাকা শহরের নিকটবর্তী হওয়ায় মাত্রাতিরিক্ত ভূগর্ভস্থ পানি উত্তোলনের দরুন পানির স্তর নিম্নগামী হওয়ায় হস্তচালিত পানির উৎসে শূষ্ক মৌসুমে পানি উত্তোলন সমস্যা বিদ্যমান। নবাবগঞ্জ, দোহার ও খামরাই উপজেলায় ভূগর্ভস্থ পাথুরে স্তর থাকায় গভীর নলকূপ স্থাপন কষ্টসাধ্য। পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হলো চাহিদার তুলনায় উপযুক্ত প্রকল্পের স্বল্পতা। এছাড়াও কিছু এলাকায় আর্সেনিক ও আয়রণ সমস্যা বিদ্যমান থাকায় এলাকা সমূহে সঠিক প্রযুক্তির পানির উৎস নির্বাচন সমস্যা অন্যতম।

ভবিষ্যৎ পরিকল্পনা

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বিভাগের পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির জন্য বেশ কিছু ভবিষ্যৎপরিকল্পনা রয়েছে যেমন প্রতি ৫০ জনের জন্য একটি পানির উৎস স্থাপন, ভূ-পৃষ্ঠস্থ পানির যথাযথ ব্যবহার এবং সংরক্ষণ, পুকুর খননের মাধ্যমে ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধিকরণ, জেলার প্রতিটি ইউনিয়নে পাইপড ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন। স্বাস্থ্যসম্মত উন্নতমানের ল্যাট্রিনের কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ।

২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্যপ্রধান অর্জনসমূহ

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন -৯০০টি
- পল্লী ও পৌর এলাকায় পাইপ ওটার সাপ্লাই স্কিম স্থাপন-১টি
- পল্লী ও পৌর এলাকায় পাইপ লাইন স্থাপন- ৫ কিঃমিঃ
- পল্লী ও পৌর এলাকায় গৃহে পানির লাইন সংযোগ প্রদান - ৩০০টি
- পৌর এলাকায় পাবলিক টয়লেট স্থাপন-২টি
- পৌর এলাকায় কমিউনিটি ল্যাট্রিন স্থাপন-২টি
- পৌর এলাকায় প্রাইমারী ডেন স্থাপন-২ কিঃমিঃ
- পৌর এলাকায় আবাসিক ভবন ও রেষ্টহাউজ নির্মাণ-২টি
- পানির গুণগতমান নিশ্চিতকল্পে পানির নমুনা সংগ্রহ ও পরীক্ষা-৯০০টি

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তিস্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: